দৈনিক বাংলা

তারিখ ... 17 MAY 1990
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৭

13

85

...পুর জেলা পরিষদের চেয়ারম্যান ... প্রেসিডেন্টের কাছে পৌঁছিয়ে দেন।

### ইসলামী বিশ্ববিদ্যালয়ের ক্লাস শুরু

# সবার জন্য শিক্ষা নিশ্চিত করতে ব্যতিক্রমী চিন্তা চাইঃ কাজী জাফর

কুষ্টিয়া, ১৬ই মে (বাসস)।– প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ সবার জন্য শিক্ষা নিশ্চিত করতে "ব্যতিক্রমী চিন্তা ও পদক্ষেপ"–এর প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব দিয়েছেন। তিনি বলেন, প্রচলিত ব্যবস্থায় এটা সম্ভব নয়।

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ক্লাস খোলা উপলক্ষে আজ এখানে শিল্পকলা একাডেমীতে এক অনুষ্ঠানে প্রধান অতিথিরূপে ভাষণদানকালে প্রধানমন্ত্রী একথা বলেন। তিনি বলেন, অতিদ্রুত হারে উন্নয়নের দ্বারা জাতিকে তার অনগ্রসরতা কাটিয়ে উঠতে হবে।

প্রধানমন্ত্রী বলেন, শিক্ষার মৌলিক লক্ষ্য হলো সুনাগরিক গড়ে তোলা। আমাদের ভেবে দেখতে হবে এমনতর শিক্ষা আমরা দিচ্ছি অথবা পাচ্ছি কিনা।

তিনি বলেন, শিক্ষক ও ছাত্রদের কল্যাণের জন্যে প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ একটির পর একটি করে বৈপ্লবিক পদক্ষেপ নিয়েছেন।

শিক্ষা দফতরের দায়িত্বে নিয়োজিত প্রধানমন্ত্রী কাজী জাফর বলেন, শিক্ষা খাতের জন্য বর্তমান অর্থ–

(শেষ পৃঃ ৬–এর কঃ দ্রঃ)

## কাজী জাফর

(প্রথম পৃঃ পর)

বরাদ্দের পরিমাণ অতীতের চেয়ে ঢের বেশি। তিনি বলেন, বর্তমানে শিক্ষা–খাতে উন্নয়ন ও রাজস্ব বাবদ এক হাজার তিনশো আটাশ কোটি টাকা ব্যয় করা হচ্ছে। ১৯৮২–৮৩ সালে এর পরিমাণ ছিলো মাত্র তিনশো কোটি টাকা।

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উল্লেখ করে তিনি বলেন, গবেষণার ব্যবস্থাসহ সর্বোচ্চ পর্যায়ে ইসলামী শিক্ষা দেয়া হবে এই ইসলামী বিশ্ববিদ্যালয়টিতে। তিনি বলেন, জাতি দীর্ঘদিন থেকে দেশে একটি ইসলামী বিশ্ববিদ্যালয়ের অভাব বোধ ও আকাঙ্ক্ষা পোষণ করে আসছিলো। জাতির সেই আশা বাস্তবায়িত হয়েছে প্রেসিডেন্ট এরশাদের আন্তরিক ইচ্ছার ও একান্ত আগ্রহের জন্য।

তিনি বলেন, শিক্ষার প্রতি প্রেসিডেন্ট এরশাদের ভালোবাসার জন্যই জাতীয় সংসদে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বিল পাস হয়েছে। তিনি বলেন, জাতি ১৭০ বছর ধরে যে আকাঙ্ক্ষা পোষণ করে আসছিলো এতে তা পূরণ করা হয়েছে।

অনুষ্ঠানে পূর্ত মন্ত্রী মোস্তফা জামাল হায়দার বক্তৃতা করেন। দেশে শিক্ষা উন্নয়নে তিনি সংশ্লিষ্ট সকলের সম্মিলিত চেষ্টার আহবান জানান।

সভাপতির ভাষণে ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক সিরাজুল ইসলাম বলেন, ইসলামের ইতিহাস মানব জাতির ইতিহাসে এক উজ্জ্বল ইতিহাস হয়ে আছে।

প্রধানমন্ত্রী স্থানীয় প্রাথমিক প্রশিক্ষণ ইনস্টিটিউটে আনুষ্ঠানিকভাবে ইসলামী বিশ্ববিদ্যালয়ের ক্লাস উদ্বোধন করেন। বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে শিক্ষার পরিবেশ অক্ষুণ্ণ রাখতে ছাত্রদের প্রতি তিনি আহবান জানান।

ঢাকায় ফেরার পথে প্রধানমন্ত্রী শান্তিডাঙ্গায় ইসলামী বিশ্ববিদ্যালয়ের নির্মীয়মান ভবনগুলো পরিদর্শন করেন।